

একই আরক ও তারিখে প্রতিস্থাপিত
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস হাউস, চট্টগ্রাম।

www.chc.gov.bd E_mail:customhousectg@gmail.com

নথি নং-এস-৪/২১/প্রশাসন/নথিপত্র ধ্বংসকরণ /২০২০-২১/১৪৬৪ (কাস)

তারিখ:-০৬/০১/২০২৬ খ্রি.

“জরুরি নিলাম দরপত্র বিজ্ঞপ্তি”

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কাস্টমস হাউস, চট্টগ্রামের অপ্রয়োজনীয় ও ধ্বংসযোগ্য নথি/ফোল্ডার (আনুমানিক ৩০০.০০ টন) পেপার বা পেপার জাতীয় পণ্য যেমন-খবরের কাগজ, কার্ডবোর্ড, টিস্যু, টয়লেট পেপার, ন্যাপকিন, প্যাকেজিং সামগ্রী, নোটবুক, ছিটিং কার্ড, প্লাস্টিক জাতীয় পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানের নিকট বিক্রয়ের লক্ষ্যে জরুরি নিলাম দরপত্র বিজ্ঞপ্তি আহ্বান করা হচ্ছে। উক্ত নিলাম বিজ্ঞপ্তি মোতাবেক দরপ্রস্তাব আগামী ০৮/০১/২০২৬ খ্রি. তারিখ হতে ১৫/০১/২০২৬ খ্রি. তারিখ এর মধ্যে সকাল ০৯:০০ ঘটিকা হতে বিকাল ০৫:০০ ঘটিকা পর্যন্ত সহকারী কমিশনার (প্রিভেন্টিভ ও প্রশাসন) কক্ষে সংশ্লিষ্ট দরপত্র বক্সে দাখিল করা যাবে এবং সর্বশেষ দিনে বেলা ১২.৩০ ঘটিকায় প্রাপ্ত দরপত্রসমূহ সহকারী কমিশনার (প্রিভেন্টিভ ও প্রশাসন) কক্ষে উন্মুক্ত করা হবে। আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানকে তাদের প্রদত্ত মূল্যের ১০% (শতকরা দশ ভাগ) হারে জামানত (পে-অর্ডার আকারে, ফেরতযোগ্য) কমিশনার অব কাস্টমস, কাস্টমস হাউস, চট্টগ্রাম-এর অনুকূলে দরপত্রের সাথে দাখিল করতে হবে। দরপত্র/বিড মূল্য প্রতি কেজি হিসেবে দাখিল করার জন্য অনুরোধ করা হলো। বর্ণিত নথি/ফোল্ডার খালাসকালে প্রাপ্ত মোট ওজন ও উদৃত সর্বোচ্চ দরের ভিত্তিতে সরবরাহ/বিক্রয় মূল্য চূড়ান্ত করা হবে এবং সে মোতাবেক ক্রেতা/সরবরাহ গ্রহীতাকে মূল্য পরিশোধ করতে হবে।

শর্তাবলি:-

- ১। পেপার ও পেপার জাতীয় পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠান কর্তৃক দরপত্র মূল্য দাখিল করতে হবে;
- ২। প্রদত্ত দরপত্র মূল্যের অতিরিক্ত প্রযোজ্য উৎসে ভ্যাট ও আয়কর প্রদান করতে হবে;
- ৩। জামানত ব্যতীত কোন দরপত্র গ্রহণযোগ্য হবে না;
- ৪। নির্ধারিত তারিখ ও সময়ের পর দরপত্র গ্রহণ করা হবে না;
- ৫। মালামাল নিজ দায়িত্বে পরিবহণ করে নিয়ে যেতে হবে;
- ৬। ক্রয়কৃত নথিপত্র/ফোল্ডারসমূহ সরকারি দলিল হওয়ায় স্থানীয় বাজারে বা অন্য কোথাও বিক্রয় করা যাবে না।
- ৭। দরপত্রের সাথে প্রতিষ্ঠানের হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট সনদপত্র ও আয়কর সনদপত্র দাখিল করতে হবে।
- ৮। ক্রয়কৃত নথি/ফোল্ডারসমূহ প্রতিষ্ঠানের কাঁচামাল হিসেবে ব্যবহার করতে হবে।

 ০৬.০১.২৬

শরীফ মোহাম্মদ আল আমিন
অ্যাসিস্ট্যান্ট কমিশনার (প্রিভেন্টিভ ও প্রশাসন)
কমিশনার অব কাস্টমস এর পক্ষে